

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৫

তারিখঃ-----
১২-০২-১৪১৫ বাং
২৬-০৫-২০০৮ ইং

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়

ব্যাংক কোম্পানীর ধারণকৃত ট্রেজারী বিল ও বন্ডের Marking to market ভিত্তিক পুনঃমূল্যায়ন প্রসঙ্গে। Marking to market based revaluation of treasury bill and bond held by the banking company

উপর্যুক্ত বিষয়ে ৩১/১০/২০০৫ এবং ০৭/০২/২০০৭ তারিখে ইস্যুকৃত বিআরপিডি সার্কুলার নং-১৫ এবং ডিওএস সার্কুলার লেটার নং-০৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বিগত দিনগুলোতে বিভিন্ন পক্ষ হতে প্রাপ্ত তথ্য-উপাত্তের ভিত্তিতে সরকারী সিকিউরিটিজের ইস্যু পরবর্তী ক্রয় বিক্রয় আরো উৎসাহিত করা এবং একটি অধিক কার্যকরী সেকেন্ডারী মার্কেট প্রতিষ্ঠিত করার লক্ষ্যে উপরোক্ত সার্কুলার ও সার্কুলার লেটারের নির্দেশনার সংশোধন/পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

০১। ব্যাংক কোম্পানীর ধারণকৃত সরকারী ট্রেজারী বিল ও বন্ড HTM ও HFT শ্রেণীতে বিন্যাস করতে হবে। HTM ও HFT উভয় অংশে ধারণকৃত বিল ও বন্ড SLR পূরণের জন্য উন্মুক্ত বিবেচিত হবে।

০২। HTM অংশে ধারণকৃত সিকিউরিটিজসমূহ সাধারণভাবে মেয়াদপূর্তি পর্যন্ত ধারণ করতে হবে। এ সকল সিকিউরিটিজসমূহের Amortization বৎসরান্তে সম্পন্ন করতে হবে এবং Amortization জনিত হ্রাস/বৃদ্ধি মূলধন খাতে (মূলধন পরিবর্তন সংক্রান্ত বিবরণীতে) হিসাবায়িত হবে এবং নির্ধারিত ছকে (DB-5a) নির্দেশিত সময়ের মধ্যে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিল করতে হবে।

০৩। ব্যাংকসমূহকে তাদের ইনভেস্টমেন্ট (HTM) এবং ডিলিং (HFT) সিকিউরিটিজে বিনিয়োগের অনুপাত এরূপভাবে সমন্বয় করতে হবে যাতে জানুয়ারী/২০০৯, জানুয়ারী/২০১০ এবং জানুয়ারী/২০১১ হতে HTM সিকিউরিটিজে বিনিয়োগের পরিমাণ (মূল্যমান অনুসারে) সংশ্লিষ্ট মাসের রক্ষিতব্য সহজে বিনিয়োগযোগ্য সম্পদের (SLR) যথাক্রমে সর্বোচ্চ ৭০%, ৫০% এবং ২৫% এর বেশী না হয়।

০৪। HTM সিকিউরিটিজসমূহকে সাধারণভাবে HFT সিকিউরিটিজে পুনঃশ্রেণীকৃত করা যাবে না। তবে (৩) নং ক্রমিক বর্ণিত নির্দেশনা পরিপালনের উদ্দেশ্যে আপাততঃ ডিসেম্বর, ২০০৮ পর্যন্ত HTM সিকিউরিটিজসমূহকে HFT সিকিউরিটিজে পুনঃশ্রেণীকৃত করা যাবে। এধরনের পুনঃশ্রেণীকরণ ব্যাংকের পরিচালনা পর্ষদের (বিদেশী ব্যাংকের ক্ষেত্রে প্রধান নির্বাহীর) পূর্বানুমোদনক্রমে সম্পন্ন করতে হবে এবং পুনঃশ্রেণীকরণের ফলে উদ্ভূত লাভ/ক্ষতি সংশ্লিষ্ট সময়ের লাভ/ক্ষতি হিসাবে প্রদর্শন করতে হবে এবং পর্ষদ/প্রধান নির্বাহীর অনুমোদন সংক্রান্ত দলিলাদি এবং স্থানান্তরকৃত সিকিউরিটিজের বিবরণী স্থানান্তর সম্পন্ন ০৭(সাত) কার্যদিবসের মধ্যে নির্ধারিত ছকে (DB-5rc) ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিল করতে হবে।

০৫। জানুয়ারী/২০০৯ হতে বিশেষ পরিস্থিতিতে পঞ্জিকা বৎসরে কেবলমাত্র ০১(এক)বার HTM অংশে ধারণকৃত সিকিউরিটিজসমূহের সর্বোচ্চ ১৫% (মূল্যমান অনুসারে) HFT সিকিউরিটিজে পুনঃশ্রেণীকৃত করা যাবে। এক্ষেত্রে (৪) নং ক্রমিক বর্ণিত নির্দেশনা অনুসরণে পুনঃশ্রেণীকরণ এবং ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে প্রয়োজনীয় দলিলাদি ও বিবরণী দাখিল নিশ্চিত করতে হবে।

০৬। HTM সিকিউরিটিজসমূহ সাধারণভাবে বিক্রয়যোগ্য নয়। তবে বিশেষ পরিস্থিতিতে ব্যাংকের পরিচালনা পর্ষদের (বিদেশী ব্যাংকের ক্ষেত্রে প্রধান নির্বাহীর) পূর্বানুমোদনক্রমে বছর শুরুর (Calendar Year) প্রথম ০২(দুই) মাসের মধ্যে HTM অংশে ধারণকৃত সিকিউরিটিজের সর্বোচ্চ ১৫% (মোট মূল্যমান অনুসারে) সরাসরি বিক্রয় করা যাবে।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

পূর্ব পৃষ্ঠা হতে-

বিক্রয়ের ফলে উদ্ভূত লাভ/ক্ষতি সংশ্লিষ্ট সময়ের লাভ/ক্ষতি হিসাবে প্রদর্শন করতে হবে এবং পর্যদ/প্রধান নির্বাহীর অনুমোদন সংক্রান্ত দলিলাদি এবং স্থানান্তরকৃত সিকিউরিটিজের বিবরণী (DB-5ms) বিক্রয় সম্পন্ন ০৭(সাত) কার্যদিবসের মধ্যে নির্ধারিত ছকে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিল করতে হবে।

০৭। HFT সিকিউরিটিজসমূহের প্রতি সপ্তাহে একবার চলতি বাজার দরে (Current Market Price/Yield) পুনঃমূল্যায়ন (Revalue) করতে হবে। পুনঃমূল্যায়নজনিত হ্রাস/বৃদ্ধি সংশ্লিষ্ট সময়ের লাভ/ক্ষতি হিসাবে হিসাবায়িত হবে এবং এ সংক্রান্ত তথ্যাদি নির্ধারিত ছকে (DB-5rv) নির্দেশিত সময়ের মধ্যে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিল করতে হবে। পুনঃমূল্যায়নের ক্ষেত্রে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত Yield curve অনুসরণ করতে হবে।

০৮। নগদে অর্জিত না হওয়া পর্যন্ত HFT সিকিউরিটিজসমূহের সাপ্তাহিক পুনঃমূল্যায়নজনিত বৃদ্ধির (Gain) বিপরীতে কোন Dividend প্রদান করা যাবে না। এক্ষেত্রে লাভ/ক্ষতি হিসাবে প্রদর্শিত HFT সিকিউরিটিজসমূহের সাপ্তাহিক পুনঃমূল্যায়নজনিত বৃদ্ধি (Gain) স্থানান্তরপূর্বক একটি Revaluation Reserve Account সৃষ্টি করে উক্ত হিসাবে জমা রাখতে হবে।

০৯। HFT সিকিউরিটিজসমূহের বিক্রয়জনিত লাভ/ক্ষতি সংশ্লিষ্ট সময়ের লাভ-ক্ষতি হিসাবে প্রদর্শন করতে হবে।

১০। SLR সংরক্ষণে ব্যবহার উপযোগী কিন্তু Non-marketable সিকিউরিটিজসমূহ HTM শ্রেণীভুক্ত করে প্রয়োজ্য ক্ষেত্রে সেগুলো Amortized করতে হবে এবং (২) নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা মোতাবেক মূল্যায়ন সম্পন্ন করে নির্ধারিত ছকে (DB-5nm) নির্দেশিত সময়ের মধ্যে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিল করতে হবে।

১১। ব্যাংক কোম্পানী কর্তৃক প্রাইমারী ও সেকেন্ডারী সিকিউরিটিজ ক্রয়কালে তা HTM এবং HFT কোন অংশে ধারণ করবে তার ঘোষণা তাৎক্ষণিকভাবে প্রদান করতে হবে এবং নির্ধারিত ছকে (DB-5d) নির্দেশিত সময়ের মধ্যে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনকে অবহিত করতে হবে।

১২। প্রাইমারী এবং সেকেন্ডারী সিকিউরিটিজ ক্রয়মূল্যে HTM অথবা HFT অংশে অন্তর্ভুক্ত করতে হবে।

১৩। HTM এবং HFT উভয় প্রকার সিকিউরিটিজ ক্রয়কালে ক্রয়ের তারিখ পর্যন্ত পূঞ্জীভূত সুদ (Coupon interest) ক্রয়মূল্য থেকে বাদ দিতে হবে এবং উক্ত পরিমাণকে Interest expense হিসাবে প্রদর্শন করতে হবে।

১৪। HFT সিকিউরিটিজসমূহ বিক্রয়কালে প্রাপ্ত Brokerage/Commission ইত্যাদি Income এবং ক্রয়কালে প্রদত্ত Brokerage/Commission ইত্যাদি Expenditure হিসাবে প্রদর্শন করতে হবে।

১৫। প্রতিদিনের সহজে বিনিময়যোগ্য সম্পদ (SLR) সংরক্ষণ সংক্রান্ত তথ্যাদি সংশোধিত ছকে (DB-5, DB-5f, DB-5p, DB-5rv এবং DB-5rp) পূরণ করে প্রতিমাসের বিবরণী পরবর্তী মাসের ১০(দশ) তারিখের মধ্যে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিল করতে হবে।

১৬। HTM ও HFT উভয় অংশে ধারণকৃত সরকারী সিকিউরিটিজগুলো অনধিক ৭(সাত) দিনের জন্য Interbank Repo করা যাবে। ব্যাংকসমূহের প্রতিমাসের Interbank Repo সংক্রান্ত তথ্যাদি নির্ধারিত ছকে (DB-5rp) প্রতিমাসের DB-5 বিবরণীর সাথে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিল করতে হবে।

১৭। Interbank Repo -এর মাধ্যমে অর্জিত সিকিউরিটিজ HFT অংশে ধারণ করতে হবে এবং প্রয়োজ্য ক্ষেত্রে (৭) নং ক্রমিকে বর্ণিত নির্দেশনা অনুসারে পুনঃমূল্যায়ন (Revalue) করতে হবে। পুনঃক্রয় চুক্তির মেয়াদ শেষে সংশ্লিষ্ট সিকিউরিটিজ প্রকৃত ধারক কর্তৃক পূর্বের অবস্থানেই (অর্থাৎ HTM অথবা HFT অংশে) প্রদর্শন করতে হবে।

পূর্ব পৃষ্ঠা হতে-

১৮। সার্কুলারে বর্ণিত সকল বিবরণী নির্ধারিত সময়ে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিলে ব্যর্থতার জন্য বাংলাদেশ ব্যাংক অর্ডার, ১৯৭২ (১০ মার্চ ২০০৩ পর্যন্ত সংশোধিত) এর ৩৬(৬) ধারা এবং বিবরণীতে ভুল তথ্য প্রদানের জন্য উক্ত অর্ডারের ৩৬(৭) ধারা এবং সার্কুলারের অন্যান্য নির্দেশনা ভংগের জন্য ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০০৭ পর্যন্ত সংশোধিত) এর ১০৯(৭) ধারা অনুসারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ট্রেজারী বিল ও বন্ডের Marking to market ভিত্তিক পুনঃমূল্যায়ন সংক্রান্ত পরিবর্তিত নীতিমালা ০১/০৭/২০০৮ তারিখ হতে কার্যকর হবে। একইসাথে এতদ্বারা ৩১/১০/২০০৫ তারিখে ইস্যুকৃত বিআরপিডি সার্কুলার নং-১৫ সংশোধিত এবং ০৭/০২/২০০৭ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-০৩ বাতিল হিসাবে গণ্য করতে হবে। উপরিলিখিত সকল ছকের নমুনা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযোজন করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত

স্বাঃ-

(মোঃ মফিজ উদ্দিন চৌধুরী)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৭৬

